



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া
অধ্যক্ষের কার্যালয়।
www.govssc.edu.bd
govtshahsultancollege@yahoo.com



(সংশোধিত বিজ্ঞপ্তি)

বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২০/---৬০২---

তারিখ : ২৪/০৯/২০২০

বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

সূত্র : ১৬-০৯-২০২০ তারিখের বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটির জরুরী বিজ্ঞপ্তি।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র কলেজে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় ভিত্তিক (শিক্ষার্থী উচ্চ মাধ্যমিকে যে যে বিষয় পড়তে চায় তার নিবন্ধন) রেজিস্ট্রেশন কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী চলবে। উক্ত সময়ে একাদশ শ্রেণির সকল শিক্ষার্থীকে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন ফরম (তথ্য ফরম) পূরণ পূর্বক কলেজে জমাদান ও এন্ট্রিকৃত রেজিস্ট্রেশন যাচাই করার জন্য বলা হলো। নির্ধারিত সময়ে রেজিস্ট্রেশন না করলে তার দায়-দায়িত্ব শিক্ষার্থীকে বহন করতে হবে। রেজিস্ট্রেশন ফরম, সোল্ডার ব্যাজ, পাঠ পরিকল্পনা (প্রসপেক্টাস) ইত্যাদি নির্ধারিত ফি প্রদান করে অফিস থেকে সংগ্রহ করতে হবে এবং শিক্ষার্থীকে অনলাইন ক্লাসের পাঠ প্রক্রিয়া সম্পর্কে জানানো হবে।


*** সকল শিক্ষার্থীকে করোনাকালীন স্বাস্থ্যবিধি, সামাজিক দূরত্ব অনুসরণ ও মাস্ক পরিধানপূর্বক রেজিস্ট্রেশন কার্যক্রমে অংশগ্রহণ করতে বিশেষভাবে বলা হলো।

নির্ধারিত সময়সূচি:

বিভাগ	রোল রেঞ্জ	তারিখ	সময়
বিজ্ঞান	২০০১-২২৫০	২৮/০৯/২০২০	সকাল ১০.০০-দুপুর ২.০০
	২২৫১-অবশিষ্ট	২৯/০৯/২০২০	
মানবিক	১০০১-১২৫০	৩০/০৯/২০২০	
	১২৫১-অবশিষ্ট	০১/১০/২০২০	
ব্যবসায় শিক্ষা	৩০০১-৩২৫০	০৩/১০/২০২০	
	৩২৫১-অবশিষ্ট	০৪/১০/২০২০	

প্রতিস্বাক্ষর


২৪/৯/২০২০
অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।
সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া।


২৪/০৯/২০২০

আহ্বায়ক
একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২০-২১
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

১। ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সঙ্গে আনতে হবে।

২। হেল্প লাইন ০১৭৪৫৩৬৭০৩২, ০১৬৮৪২২৫৭৩৪, ০১৫১৭৮৫৭১৫৫। ফোন কল করার সময় সকাল ১০.০০টা হতে বিকেল ৪.০০টা পর্যন্ত।

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে-

১। আহ্বায়ক, একাদশ শ্রেণির ভর্তি কমিটি-২০২০-২০২১, ২। সদস্য-১, ৩। সদস্য-২, ৪। নোটিস বোর্ড, ৫। কলেজ ওয়েব সাইট, ৬। সংরক্ষণ নথি।